গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
এম.সি.কলেজ, সিলেট
website: www.mccollege.edu.bd
Email: m.c.college_sylhet@live.com

তারিখ : ২১.০১.২০২০ খ্রি.

## ২০১৯ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

**১। আবেদনের যোগ্যতা :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**২। অনলাইনে (জাতীয় বিশ্ববিদ্যালয়) আবেদনের নিয়ম :**

ক) আবেদনের জন্য প্রার্থীগণ ২০.০১.২০২০ তারিখ থেকে ০২.০২.২০২০ তারিখ পর্যন্ত nu.ac.bd/admissions ওয়েবসাইট-এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। Master's Tab এ গিয়ে apply Now (Masters private) অপশন থেকে আবেদন করতে হবে। আবেদন ফরম পূরনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type : JPG এবং Maximum file size : 50KB. আবেদন দাখিলের পর প্রার্থী একটি **PIN** এবং **রোল নম্বর** পাবেন এবং আবেদনপত্র A4 সাইজ (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। অনলাইন আবেদনে কোন ধরণের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ) অনলাইন আবেদনের কপি কালার প্রিন্টার দ্বারা প্রিন্ট আউট নিয়ে তার **দুটি অংশেই প্রার্থী স্বাক্ষর দিবেন।**

গ) আবেদন এবং রেজিষ্ট্রেশনরে জন্য নির্ধারিত ফি শিওরক্যাশ মাধ্যমে জমা দিয়ে **ট্রানজেকশন নম্বর সংগ্রহ** করতে হবে।

ঘ) শিওরক্যাশ এ টাকা জমাদানের **Payment Key Word: mccmo**

ঙ) **আবেদন ফরমের উপর ও নিচ উভয় অংশে মোবাইল নম্বর, শিওরক্যাশ এর মাধ্যমে প্রেরিত ফি এর ট্রানজেকশন নম্বর ও পিন নম্বর লিখে কলেজ ওয়েবসাইটে সাবমিট করতে হবে।**

চ) পূরণকৃত আবেদন ফরমে ত্রুটি সংশোধন: আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login (Masters Private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change অপশনে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সতর্কতার সঙ্গে আবেদন ফরমে সংযোজন করতে হবে। **কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না।**

ছ) দ্বৈত ভর্তি সংক্রান্ত বিষয়ে কোনো জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নির্বাচন :

ক) **বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলাম শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে আবেদন করা যাবে।**

**খ) আসন সংখ্যাঃ** প্রতিটি বিষয়ে সর্বোচ্চ **১০০০** জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।

**৪। আবেদন ও রেজিস্ট্রেশনের ধার্যকৃত ফি: ইনকোর্স ও ব্যবস্থাপনা ফিসহ (৩০০+৮০০+২০০+৫০) ১,৩৫০/- (এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা।**

**৫। রেজিস্ট্রেশনের শর্তাবলী :**

ক) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/ কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।

খ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য ২০১৮-১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

গ) আবেদনকারী প্রার্থীকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

### ৬। কলেজ ওয়েব সাইটে আবেদন ফরম সাবমিট করার পদ্ধতি:

(ক) কলেজ ওয়েবসাইটে (www.mccollege.edu.bd) Online Masters (Private) Registration-2019 অপশনে ক্লিক করে Start Online Admission-এ গিয়ে শিওরক্যাশ RB নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে Submit button- এ ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তি রোল নম্বর, মোবাইল নম্বর লিখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত আবেদন ফরমটি স্ক্যান করে আপলোড দিতে হবে।

(খ) **২২.০১.২০২০ থেকে ০২.০২.২০২০** তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী নির্ধারিত ফি ১৩৫০/- (এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা শিওরক্যাশ এর মাধ্যমে জমা দিতে পারবে। যে কোন এজেন্ট এর নিকট বা নিজস্ব শিওরক্যাশ একাউন্ট থেকে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে।

(গ) কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদন আগামী ২৫.০১.২০২০ তারিখ থেকে ০২.০২.২০২০ তারিখ রাত ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে।

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে আবেদনের তারিখ: ২০.০১.২০২০ থেকে ০২.০২.২০২০ পর্যন্ত

**"শিওরক্যাশ" এর মাধ্যমে টাকা জমা দানের তারিখ : ২২.০১.২০২০ থেকে ০২.০২.২০২০ পর্যন্ত**

**কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদনের তারিখ: ২৫.০১.২০২০ থেকে ০২.০২.২০২০ পর্যন্ত**

টাকা জমাদানের Payment Key Word: mccmo

**বি:দ্র:১. কলেজ ওয়েবসাইটে ফরমটি submit করার পর কোনভাবেই আর আবেদন ফরম সংশোধন করা যাবে না।**

**২. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।**

**৩. যদি অনলাইন আবেদনের নিশ্চয়ন সংক্রান্ত** SMS জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রার্থীর মোবাইলে না পৌঁছায় তবে ০২.০২.২০২০ তারিখ সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টার মধ্যে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে সংশ্লিষ্ট ভর্তি কমিটির সাথে যোগাযোগ করতে হবে।

**এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।**

অধ্যক্ষ ২২/০১/২০২০
এম.সি.কলেজ, সিলেট